# সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৭৩২০

৯৬/ কুরআন ও সুন্নাহকে শক্তভাবে ধরে থাকা (كتاب الاعتصام بالكتاب والسنة)

পরিচ্ছেদঃ ৯৬/১৪. নাবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম )-এর বাণী : অবশ্য অবশ্যই তোমরা তোমাদের আগের লোকদের নীতি-পদ্ধতির অনুকরণ করতে থাকবে।

بَاب قَوْلِ النَّبِيِّ لَتَتْبَعُنَّ سَنَنَ مَنْ كَانَ قَبْلَكُمْ

আরবী

مُحَمَّدُ بْنُ عَبْدِ الْعَزِيزِ حَدَّثَنَا أَبُو عُمَرَ الصَّنْعَانِيُّ مِنْ الْيَمَنِ عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ عَنْ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ لَتَتْبَعُنَّ سَنَنَ مَنْ كَانَ قَبْلَكُمْ شِبْرًا شِبْرًا وَذِرَاعًا بِذِرَاعٍ حَتَّى لَوْ دَخَلُوا جُحْرَ ضَبٍّ تَبِعْتُمُوهُمْ قُلْنَا يَا رَسُولَ اللهِ الْيَهُودُ وَالنَّصَارَى قَالَ فَمَنْ

বাংলা

৭৩২০. আবূ সা’ঈদ খুদরী (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেন। তিনি বলেছেনঃ অবশ্য অবশ্যই তোমরা তোমাদের আগের লোকেদের নীতি-পদ্ধতিকে বিঘতে বিঘতে, হাতে হাতে অনুকরণ করবে। এমনকি তারা যদি দবের গর্তে ঢুকে, তাহলে তোমরাও তাদের অনুকরণ করবে। আমরা বললাম, হে আল্লাহর রাসূল! এরা কি ইয়াহূদী ও নাসারা? তিনি বললেনঃ আর কারা?[1] [৩৪৫৬; মুসলিম ৪৭/৩, হাঃ ২৬৬৯, আহমাদ ১১৮০০] (আধুনিক প্রকাশনী- ৬৮০৯, ইসলামিক ফাউন্ডেশন- ৬৮২১)

## English

Narrated Abu Sa`id Al-Khudri:

The Prophet (ﷺ) said, "You will follow the ways of those nations who were before you, span by span and cubit by cubit (i.e., inch by inch) so much so that even if they entered a hole of a mastigure, you would follow them." We said, "O Allah's Messenger (ﷺ)! (Do you mean) the Jews and the Christians?" He said, "Whom else?"

ফুটনোট

[1] মুসলিমরা নিজেদের আদর্শ ত্যাগ করে ক্রমশঃ অমুসলিমদের নীতি পদ্ধতি গ্রহণ করছে। অশ্লীলতা, নাচ, গান, বাদ্য, নারীদের অধিকারের নামে উলঙ্গপনা, থার্টি ফাস্ট ডে, ভেলেনটাইন ডে, সেকুলারিজম, ভাস্কর্যের নাম দিয়ে মূর্তি পূজার বিস্তৃতি, এক মিনিট নীরবতা, পার্টি পলিটিক্স, নারী দেহ সম্বলিত বিজ্ঞাপন ইত্যাদি আজ মুসলিমদেরকে গ্রাস করে ফেলেছে। মুসলিমদের প্রতিটি ঘরে ঘরে নগ্ন ছায়াছবি দেখা হচ্ছে। মুসলিমরা জুমার ফারয সালাত বাদ দিয়ে ক্রিকেট খেলা ও খেলা দেখাকে ফারয করে নিয়েছে। মুসলিমের প্রধান পরিচয় হচ্ছে দুনিয়ার ভোগ বিলাসের তুলনায় আখিরাতকে প্রাধান্য দান। কিন্তু আজ তারা দুনিয়ার ভোগ বিলাসকেই প্রকৃত জীবন মনে করছে। তারা আজ অমুসলিমদের অনুগত গোলামের মত কাজ করছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=32172

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন